

🗏 আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ ৪৪: ৩৬

আরবি মূল আয়াত:

فَاتُوا بِأَبَائِنَا إِن كُنتُم صدِقِينَ ﴿٣۶﴾

🗚 আনুবাদসমূহ:

'যদি তোমরা সত্যবাদী হও, তবে আমাদের পিতৃপুরুষদেরকে নিয়ে এসো'। — আল-বায়ান (মৃত্যুর পর মানুষকে পুনরুত্থিত করা হবে- তোমাদের এ কথায়) তোমরা যদি সত্য হও, তাহলে আমাদের পূর্বপুরুষদেরকে হাজির কর। — তাইসিরুল

অতএব তোমরা যদি সত্যবাদী হও তাহলে আমাদের পূর্ব-পুরুষদেরকে উপস্থিত কর। 🗕 মুজিবুর রহমান

Then bring [back] our forefathers, if you should be truthful." — Sahih International

৩৬. অতএব তোমরা যদি সত্যবাদী হও তবে তোমাদের পিতৃপুরুষদেরকে নিয়ে আস।

তাফসীরে জাকারিয়া

(৩৬) অতএব তোমরা যদি সত্যবাদী হও, তবে আমাদের পূর্বপুরুষদেরকে উপস্থিত কর। [1]

[1] এ কথা নবী (সাঃ) ও মুসলিমদেরকে কাফেরদের পক্ষ হতে বলা হচ্ছে যে, যদি তোমাদের এই বিশ্বাস বাস্তবেই সঠিক হয় যে, পুনরায় জীবিত হতে হবে, তবে আমাদের পূর্বপুরুষদেরকে জীবিত করে দেখিয়ে দাও। এটা ছিল তাদের অমূলক তর্ক ও অসার কথাবার্তা। কেননা, পুনরায় জীবিত হওয়ার আকীদা ও বিশ্বাস হল কিয়ামতের সাথে সম্পুক্ত। কিয়ামত ঘটার পূর্বেই দুনিয়াতে জীবিত হওয়া বা করার ব্যাপার নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4450

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন